গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, সিরাজগঞ্জ
(জেএম শাখা)
www.sirajganj.gov.bd

# জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. ফারুক আহাম্মদ, জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ |
| সভার স্থান | : | শহীদ শামসুদ্দিন সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ |
| তারিখ ও সময় | : | ১০ জানুয়ারি ২০২১ খ্রি., সকাল ১০.০০ ঘটিকা |

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও 'খ' তে দেখানো হলো)

সভাপতি জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার প্রারম্ভে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। অত:পর তিনি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ বিগত সভার কার্যবিবরণী ও সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সকলের সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। অত:পর সভাপতি উপস্থিত সদস্যগণকে জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বর্তমান অবস্থা এবং আইনশৃঙ্খলা সমুন্নত রাখার বিষয়ে মতামত ও পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জানান। সভায় উপস্থিত মাননীয় সংসদ সদস্য সিরাজগঞ্জ-২ অধ্যাপক ডাঃ হাবিবে মিল্লাত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যার্বতন দিবস উপলক্ষে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি ভয়াবহ করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য পরামর্শ দেন। তিনি উল্লেখ করেন যে, করোনার টিকা আবিষ্কৃত হয়েছে; কিন্তু দেশে পেতে সময় লাগবে। সুতরাং করোনা প্রতিরোধে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি অনুসরণ অত্যন্ত জরুরি।

০৩। অত:পর জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে সভায় অন্যান্য সদস্যবৃন্দ তাদের মতামত উপস্থাপন করেন এবং জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে মর্মে অভিমত ব্যক্ত করেন। এর পর পর্যায়ক্রমে জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি, জেনারেল সার্টিফিকেট মামলার গ্রেফতারী পরোয়ানা ও গ্রাম আদালতের মামলার বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। নভেম্বর, ডিসেম্বর ২০২০ এবং পূর্ববর্তী বছরের একই মাস অর্থাৎ ডিসেম্বর ২০১৯ এর তুলনামূলক অপরাধ চিত্র নিম্নরূপ ঃ

| মাসের নাম | ডাকাতি | দস্যুতা | খুন | দ্রুত বিচার | বিশেষ ক্ষমতা আইন | দাঙ্গা | আইন-শৃঙ্খলায় মোট | নারী নির্যাতন | | | | শিশু নির্যাতন | এসিড | অপহরণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ধর্ষণ | অপহরণ | অন্যান্য | মোট | | | |
| নভেম্বর ২০২০ | - | - | ২ | ২ | - | - | ৪ | ৬ | ৮ | ৯ | ২৩ | ৬ | - | ১ |
| ডিসেম্বর ২০২০ | | ১ | ৬ | ১ | | | ৮ | ১০ | ৫ | ৬ | ২১ | ৬ | | ১ |
| ডিসেম্বর২০১৯ | - | - | ৬ | ১ | - | - | ৭ | ৫ | ৭ | ১৭ | ২৯ | - | - | - |

| পুলিশ আক্রান্ত | সিঁধেল চুরি | গরু চুরি | গাড়ী চুরি | চুরি | মোট চুরি | জঙ্গী সংগঠন | চরমপন্থী সংগঠন | অন্যান্য খাতে মামলা | উদ্ধারজনিত খাতে মামলা | | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অস্ত্র | বিস্ফোরক দ্রব্য | মাদক দ্রব্য | চোরা-চালান | চোরা-চালান অন্যান্য | মোট | |
| ২ | ১ | ১ | ৩ | ৫ | ১০ | ১ | - | ৮৭ | ২ | ১ | ৫৪ | ৪ | - | ৬১ | ১৯৫ |
| ১ | - | ২ | ১ | ৪ | ৭ | - | - | ৭৫ | - | - | ৬০ | - | - | ৬০ | ১৭৬ |
| ১ | - | - | ১ | ৫ | ৬ | - | - | ৯৬ | - | - | ১৩৩ | ২ | - | ১৩৫ | ২৭৪ |

০৪। সিরাজগঞ্জ জেলার জেনারেল সার্টিফিকেট মামলার গ্রেফতারী পরওয়ানা সংক্রান্ত তথ্য (ডিসেম্বর ২০২০):

| ক্রমিক নং | থানার নাম | ওয়ারেন্ট | ওয়ারেন্ট তাগিদ | ওয়ারেন্ট তামিল |
|---|---|---|---|---|
| ০১ | সিরাজগঞ্জ সদর | ১০৭ টি | ৩৮ টি | ০৪টি |
| ০২ | বেলকুচি | ০২ টি | ০২ টি | -- |
| ০৩ | রায়গঞ্জ | ০৯ টি | ০২ টি | -- |
| ০৪ | উল্লাপাড়া | ১৫ টি | ০৭ টি | ০১ |
| ০৫ | শাহজাদপুর | ৩৩ টি | ১০ টি | ০১ টি |
| ০৬ | কামারখন্দ | ০৫ টি | ০৪ টি | -- |
| ০৭ | কাজিপুর | ০২ টি | ০০ টি | -- |
| ০৮ | তাড়াশ | ০১ টি | ০০ টি | -- |
| ০৯ | চৌহালী | ০১ টি | ০০ টি | -- |
| | মোট= | ১৭৫ টি | ৬৩ টি | ০৬ টি |

পরের পাতা-০২

০৫। উপজেলা ভিত্তিক ডিসেম্বর ২০২০ মাসের গ্রাম আদালতের মামলার প্রতিবেদন:

| ক্রঃ নং | উপজেলার নাম | গ্রাম আদালতের মোট সংখ্যা | পূর্ববর্তী মাসের মামলার জের | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিষ্পন্ন মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ০৮ | ৯ |
| ০১ | সিরাজগঞ্জ সদর | ১০ | ০২ | ৪২ | ৪৪ | ৪১ | ০৩ | - |
| ০২ | কাজিপুর | ১২ | ০২ | ৬৫ | ৬৭ | ৬৩ | ০৪ | - |
| ০৩ | রায়গঞ্জ | ০৯ | ১১ | ৫৪ | ৬৫ | ৫২ | ১৩ | - |
| ০৪ | তাড়াশ | ০৮ | ০২ | ৪০ | ৪২ | ৪২ | - | - |
| ০৫ | উল্লাপাড়া | ১৪ | ৬৮ | ১৭ | ৮৫ | ১৭ | ৬৮ | - |
| ০৬ | শাহজাদপুর | ১৩ | ১৪ | ২০ | ৩৪ | ১৯ | ১৫ | - |
| ০৭ | বেলকুচি | ০৬ | ০৩ | ২২ | ২৫ | ২১ | ০৪ | - |
| ০৮ | কামারখন্দ | ০৪ | ১০ | ০১ | ১১ | - | ১১ | |
| ০৯ | চৌহালী | ০৭ | ২৩ | ০৭ | ৩০ | ০৯ | ২১ | - |
| | মোট | ৮৩ | ১৩৫ | ২৬৮ | ৪০৩ | ২৬৪ | ১৩৯ | - |

০৬। উপস্থিত সদস্যগণ কর্তৃক উত্থাপিত সকল বিষয় ও উপস্থাপিত অপরাধ চিত্রের তুলনামূলক প্রতিবেদন পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | <u>আইন-শৃংখলা সংক্রান্ত:</u><br>সভাপতি বলেন, সিরাজগঞ্জ জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি বর্তানে ভাল তবে এ ধারা অব্যাহত রাখতে হবে। তিনি সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি মেনে স্ব-স্ব দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করেন। আইন-শৃঙ্খলা রক্ষার্থে খুন, চুরি, ডাকাতি রোধকল্পে পুলিশী টহল জোরদার করার জন্য সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্দেশনা প্রদান করেন। | (ক) জেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতির স্বাভাবিক রাখতে আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত সকলকে সতর্ক থেকে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) আইন-শৃঙ্খলা রক্ষাসহ, খুন, চুরি ও ডাকাতি রোধকল্পে পুলিশী টহল অব্যাহত থাকবে। | (১) পুলিশ সুপার, সিরাজগঞ্জ<br>(২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ<br>(৩) কোম্পানী কমান্ডার, র‌্যাব-১২, সিরাজগঞ্জ<br>(৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ<br>(৫) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সিরাজগঞ্জ |
| ০২ | <u>করোনা ভাইরাস সংক্রান্ত আলোচনা:</u><br>সিভিল সার্জন, সিরাজগঞ্জ সভায় বলেন, ইতোমধ্যে করোনার ২য় ধাপ (second waves) শুরু হয়েছে। শীত মৌসুমে এটা ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে। করোনা ভাইরাসের বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি মেনে চলার বিকল্প নেই। তাই সকলকে সর্বদা করোনা প্রতিরোধের নিয়মগুলো যথাযথ মেনে চলতে হবে। তিনি আরও বলেন, মাস্কের সঠিক ব্যবহার করতে হবে। সভায় উপস্থিত সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান উল্লেখ করেন যে, তিনি করোনায় আক্রান্ত হয়ে প্রায় এক মাস জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে চিকিৎসাধীন ছিলেন। করেনার ভয়াবহতার বিষয় উল্লেখ করে তিনি মাস্ক পরার বিষয়ে জনসচেতনতার এখনও ঘাটতি রয়েছে বলে জানান এবং প্রচার প্রচারণা আরো জোরদার করার জন্য অনুরোধ জানান। সভাপতি স্বাস্থ্য সুরক্ষায় এবং করোনার প্রকোপ থেকে বাঁচতে জনসাধারনকে সঠিকভাবে মাস্ক ব্যবহারে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে কঠোর হতে পরামর্শ প্রদান করেন। এ ছাড়া মাস্ক ব্যবহারের বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য জেলা তথ্য অফিসারকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানান। উপজেলা পর্যায়ে এ বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) স্বাস্থ্য বিধি মেনে চলা ও সঠিকভাবে মাস্ক ব্যবহার নিশ্চিতকরণে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সকলে কার্যকরী ভূমিকা পালন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) মাস্ক ব্যবহারের বিষয়ে জেলা তথ্য অফিসার ও উপজেলা নির্বাহী অফিসারগণ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন। | (১) পুলিশ সুপার, সিরাজগঞ্জ<br>(২) সিভিল সার্জন, সিরাজগঞ্জ<br>(৩) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ।<br>(৪) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)<br>(৫) জেলা তথ্য অফিসার, সিরাজগঞ্জ। |

পরের পাতা-০৩

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **অবৈধভাবে বালু উত্তোলন সংক্রান্ত:**<br>সভাপতি বালু মহালের বিষয়ে বলেন, বালু উত্তোলনের জন্য নির্ধারিত বালু মহাল ইজারা দেয়া হয়েছে। ইজারাকৃত বালু মহাল ব্যতিত অন্য কোন স্থান হতে বালু উত্তোলন করলে তা কঠোর হস্তে দমন করতে হবে। সভাপতি আরও বলেন, সিরাজগঞ্জে সর্বমোট ০৮ (আট) টি বালুমহালের মধ্যে ০৭ (সাত) টি বালুমহাল ইজারা দেয়া হয়েছে, যার সীমানা চিহ্নিত করে দেয়া আছে। এর বাইরে থেকে যেন বালু উত্তোলন করতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ সজাগ দৃষ্টি রাখবেন। তিনি বলেন, গত ০৩-১২-২০২০ তারিখে উল্লাপাড়া উপজেলায় পঞ্চক্রোশী ইউনিয়নের সাতবাড়িয়া মৌজায় করতোয়া নদী হতে অবৈধভাবে উত্তোলনের কারণে মোবাইল কোর্ট পরিচালনা করে ৫,০০,০০০/= টাকা অর্থদন্ড এবং উত্তোলিত বালু জব্দ করে নিলামে ৭,১৪,০০০/- টাকা বিক্রয় করা হয়। | ইজারাকৃত বালুমহাল ব্যতীত অবৈধভাবে বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে কঠোরভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) পুলিশ সুপার সিরাজগঞ্জ।<br>(২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ<br>(৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল) সিরাজগঞ্জ। |
| ০৪. | **মাদক ও চোরাচালান বিরোধী অভিযান সংক্রান্ত:**<br>মাদক ও চোরাচালান বিরোধী অভিযানের বিষয়ে সভাপতি বলেন, ডিসেম্বর ২০২০ মাসে মাদকের উপর মোট ২০টি মোবাইলকোর্ট পরিচালনা করে ৩৩ টি মামলায় ৩৩ জনকে অর্থদন্ডসহ বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়েছে। আলোচ্য মাসে মাদক ও চোরাচালান বিরোধী কোন টাস্কফোর্স অভিযান পরিচালিত হয়নি। তিনি বলেন, মাদক ও চোরাকারবারীদের প্রথম টার্গেট হচ্ছে যুব সমাজ। মাদকের ভয়াল থাবায় এই যুব সমাজ যেন ধ্বংস হয়ে না যায় সেদিকে সংশ্লিষ্ট সকলকে পূর্ব থেকেই প্রস্তুতি গ্রহণ করতে হবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিরাজগঞ্জ কর্তৃক উপজেলা ভিত্তিক সিডিউল প্রস্তুত করে প্রতিটি উপজেলায় নিয়মিত মাদকবিরোধী অভিযান পরিচালনাসহ জনসচেতনতা মূলক পোস্টার, লিফলেট বিতরণ ও আলোচনা সভার আয়োজন করার জন্য অনুরোধ করেন। সহকারী কমিশনার ও বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল, সিরাজগঞ্জকে কার্যকরী ভূমিকা দৃশ্যমান করতে নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকাসহ প্রতি মাসে ন্যূনতম ০২টি অভিযান পরিচালনা করে প্রতিমাসের ০১ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন মর্মে সংশ্লিষ্ট সকলেই একমত পোষণ করেন। তাছাড়াও মাদক ও চোরালান প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | (ক) জেলার প্রতিটি উপজেলায় মাসে কমপক্ষে ০২টি মাদক ও চোরাচালান বিরোধী টাস্কফোর্স অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) মাদক বিরোধী মোবাইল কোর্ট পরিচালনা জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) সভায় নিয়মিত উপস্থিত থাকাসহ মাদক ও চোরাচালান বিরোধী টাস্কফোর্স পরিচালনায় কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল, সিরাজগঞ্জ কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) পুলিশ সুপার, সিরাজগঞ্জ।<br>(২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ।<br>(৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ<br>(৪) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিরাজগঞ্জ।<br>(৫) সহকারী কমিশনার ও বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল, সিরাজগঞ্জ |
| ০৫. | **জেনারেল সার্টিফিকেট মামলা সংক্রান্ত:**<br>জেনারেল সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিভিন্ন থানায় প্রেরিত ওয়ারেন্টসমূহ দ্রুত তামিলের বিষয়ে উপস্থিত সকলে মতামত ব্যক্ত করেন। বিভিন্ন সার্কেলে প্রাপ্ত ওয়ারেন্টসমূহ দ্রুত তামিলের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | জেনারেল সার্টিফিকেট মামলার ওয়ারেন্ট ও ওয়ারেন্ট তামিলের সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) পুলিশ সুপার, সিরাজগঞ্জ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার (সকল) সিরাজগঞ্জ।<br>(৩) জেনারেল সার্টিফিকেট অফিসার সিরাজগঞ্জ। |

পরের পাতা-০৪

| | | | |
|---|---|---|---|
| ০৬. | **গ্রাম আদালতে মামলা সংক্রান্ত:**<br>গ্রাম আদালতের কার্যক্রম আরো বৃদ্ধি করা এবং গ্রাম আদালতকে দরিদ্র জনগণের নিকট অধিকতর গ্রহণযোগ্য করার বিষয়ে সভায় আলোচনা হয়। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ গ্রাম আদালতের ত্রৈমাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করবেন। উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতি মাসের ৩০ তারিখে মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করবেন। গ্রাম আদালতের মামলা দ্রুত নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ তদারকি করবেন মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | গ্রাম আদালতে দায়েরকৃত মামলার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় তা দ্রুত নিষ্পত্তির বিষয়ে সকল উপজেলা নির্বাহী অফিসার মনিটরিং করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ। |
| ০৭ | **বিবিধ:**<br>**১) সিরাজগঞ্জ-রায়গঞ্জ সড়কে ভারী যানবাহন নিয়ন্ত্রণ:**<br>উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ সভয় বলেন যে, বেশকিছুদিন যাবৎ সিরাজগঞ্জ-রায়গঞ্জ সড়কে বড় বাস, কোচ এবং ভারী ট্রাক চলাচল করায় রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে। আজকেই বড় একটি ট্রাক উল্টে খাদে পড়ে গেছে। এতে রাস্তা দ্রুত নষ্ট হওয়াসহ বড় ধরণের দুর্ঘটনা ঘটার আশংকা করা হচ্ছে। তিনি এই সড়কে ভারী যানবাহন চলাচল বন্ধ করার জন্য অনুরোধ জানান।<br>**(২) শহরের সৌন্দর্য রক্ষা সংক্রান্ত :**<br>শহরের সৌন্দর্য্য রক্ষায় সড়কগুলোতে রিক্সা, অটোরিক্সা, ভ্যান, ট্রাক ও বাসগুলোর মাধ্যমে যানজট সৃষ্টি করে শহরের সৌন্দর্য নষ্ট করছে। যাত্রী পরিবহন ও মালামাল উঠানামার নির্ধারিত স্থান ব্যতীত শহরের সড়কগুলোতে যত্রতত্র ভাবে দাড়িয়ে থাকা রিক্সা, অটোরিক্সা, ভ্যান, ট্রাকগুলো অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মেয়র, সিরাজগঞ্জ পৌরসভাসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | (ক) সিরাজগঞ্জ-রায়গঞ্জ সড়কে ভারী যানবাহন চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) শহরের সৌন্দর্য রক্ষাসহ যানজট নিরসনে সড়কের নির্ধারিত স্থান ছাড়া যাত্রী ও মালামাল উঠানামা বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) পুলিশ সুপার, সিরাজগঞ্জ।<br>(২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ।<br>(৩) উপজেলা নির্বাহী অফিসার, (সকল), সিরাজগঞ্জ ।<br>(৪) মেয়র, সিরাজগঞ্জ পৌরসভা, সিরাজগঞ্জ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৭/২০১৩

(ড. ফারুক আহাম্মদ)
জেলা ম্যাজিস্ট্রেট
সিরাজগঞ্জ
ফোনঃ ০৭৫১-৬২৩৮৫
dcsirajganj@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮৮০০.০২৪.০৬.০০১.১৯- ৬৩ (২০০) তারিখ: ১১ মাঘ ১৪২৭ / ২৫ জানুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জনাব.............................................................................................মাননীয় সংসদ সদস্য, সিরাজগঞ্জ।
০৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
০২। কোম্পানী কমান্ডার, সিপিএসসি, র‍্যাব-১২, সিরাজগঞ্জ।
০৩। জনাব আব্দুল লতিফ বিশ্বাস, চেয়ারম্যান, জেলা পরিষদ ও সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, সিরাজগঞ্জ জেলা শাখা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সিরাজগঞ্জ সদর/কাজিপুর/তাড়াশ/রায়গঞ্জ/উল্লাপাড়া/শাহজাদপুর/কামারখন্দ/বেলকুচি ও চৌহালী, সিরাজগঞ্জ।
০৫। সিভিল সার্জন, সিরাজগঞ্জ।
০৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আসিটি), সিরাজগঞ্জ।
০৭। যুগ্ম-পরিচালক, এন এস আই, সিরাজগঞ্জ।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর/শাহজাদপুর/উল্লাপাড়া/রায়গঞ্জ/তাড়াশ/কাজিপুর/কামারখন্দ/বেলকুচি/চৌহালী, সিরাজগঞ্জ।
০৯। অতিরিক্ত পুলিশ সুপার, সিরাজগঞ্জ সদর সার্কেল/শাহজাদপুর সার্কেল/রায়গঞ্জ সার্কেল, সিরাজগঞ্জ।
১০। সহকারী পুলিশ সুপার, সিরাজগঞ্জ উল্লাপাড়া সার্কেল/কামারখন্দ সার্কেল/বেলকুচি সার্কেল, সিরাজগঞ্জ।
১১। মেয়র, সিরাজগঞ্জ/কাজিপুর/রায়গঞ্জ/উল্লাপাড়া/শাহজাদপুর/বেলকুচি পৌরসভা, সিরাজগঞ্জ।
১২। সভাপতি, জেলা বার এ্যাসোসিয়েশন/চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি/জেলা প্রেস ক্লাব, সিরাজগঞ্জ, সিরাজগঞ্জ।
১৩। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, সিরাজগঞ্জ।
১৪। অধ্যক্ষ, সিরাজগঞ্জ সরকারি কলেজ/ ইসলামিয়া সরকারি কলেজ/ রাশিদাজ্জোহা সরকারি মহিলা কলেজ/ শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ/তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট শেখ ফজিলাতুন্নেছা মুজিব জেনারেল হাসপাতাল, সিরাজগঞ্জ/বঙ্গবন্ধু কলেজ, সোনামুখী, কাজিপুর, সিরাজগঞ্জ।
১৫। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
১৬। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সিরাজগঞ্জ।
১৭। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর/সমাজ সেবা অধিদপ্তর/ইসলামিক ফাউন্ডেশন, সিরাজগঞ্জ।
১৮। তত্ত্বাবধায়ক, জেলা কারাগার, সিরাজগঞ্জ।
১৯। জেলা মৎস্য কর্মকর্তা/জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/জেলা তথ্য অফিসার/জেলা সমবায় কর্মকর্তা, সিরাজগঞ্জ।
২০। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জ।
২১। সহকারী কমিশনার ও বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল, সিরাজগঞ্জ।
২২। জেনারেল সার্টিফিকেট অফিসার, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
২৩। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ (বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
২৪। সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়/সহকারী পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ/সহকারী বন সংরক্ষক, বন বিভাগ, সিরাজগঞ্জ।
২৫। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ (তাকে কার্যবিবরণীটি ওয়েবে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
২৬। ড্রাগ সুপার, সিরাজগঞ্জ/সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিরাজগঞ্জ।
২৭। জনাব হেলাল আহমেদ, সভাপতি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, সিরাজগঞ্জ।
২৮। জনাব মোস্তাফিজুর রহমান, ই, বি রোড, সিরাজগঞ্জ।
২৯। এ্যাডভোকেট কে, এম হোসেন আলী হাসান, দত্তবাড়ী রোড, সিরাজগঞ্রজ।
৩০। জনাব আব্দুল হাই তালুকদার, সভাপতি, জেলা জাসদ, সিরাজগঞ্জ।
৩১। এ্যাডভোকেট বিমল কুমার দাস, মোক্তার পাড়া, সিরাজগঞ্জ।
৩২। এ্যাডভোকেট কাজী সেলিনা পারভীন (পান্না), জুবলী রোড, সিরাজগঞ্জ।
৩৩। জনাব মোঃ আমিনুল ইসলাম চৌধুরী, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, এস এস রোড, সিরাজগঞ্জ।
৩৪। জনাব মোঃ আবু ইউসুফ সূর্য, স্টেডিয়াম রোড, সিরাজগঞ্জ।
৩৫। জনাব মির্জা ফারুক, সাধারণ সম্পাদক, জাতীয় পার্টি, বাহিরগোলা, সিরাজগঞ্জ।
৩৬। এ্যাডভোকেট হেদায়েতুল ইসলাম, সভাপতি, ন্যাপ, বি এ কলেজ রোড, সিরাজগঞ্জ।
৩৭। এ্যাডভোকেট কায়ছার আহমেদ লিটন, আইন বিষয়ক সম্পাদক, জেলা আওয়ামী লীগ, সিরাজগঞ্জ।
৩৮। এ্যাডভোকেট আনোয়ার পারভেজ লিমন, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়েক সম্পাদক, জেলা আওয়ামী লীগ, সিরাজগঞ্জ।
৩৯। জনাব মোঃ আব্দুছ ছামাদ তালুকদার, যুগ্ম-সম্পাদক-(২), বাংলাদেশ আওয়ামী লীগ, সিরাজগঞ্জ জেলা শাখা।
৪০। জনাব মোঃ রফিকুল ইসলাম হিরা, সদস্য, বাংলাদেশ আওয়ামী লীগ, সিরাজগঞ্জ জেলা শাখা।
৪১। জনাব মোঃ আব্দুল বারী শেখ, যুগ্ম-সম্পাদক-(৩), বাংলাদেশ আওয়ামী লীগ, সিরাজগঞ্জ জেলা শাখা।
৪২। জনাব মোস্তফা কামাল খান, সহসভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, সিরাজগঞ্জ জেলা শাখা।
৪৩। এ্যাডভোকেট মোঃ রজব আলী সরকার, সভাপতি আওয়ামী আইনজীবি পরিষদ, সিরাজগঞ্জ ও সদস্য, জেলা আওয়ামী লীগ, সিরাজগঞ্জ।
৪৪। এ্যাডভোকেট সুকুমার চন্দ্র দাস, সভাপতি, বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদ, সিরাজগঞ্জ ।
৪৫। জনাব ........................................................................................................, সিরাজগঞ্জ।

২৫/০১/২০২১

(লিয়াকত সালমান)
সহকারী কমিশনার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, সিরাজগঞ্জ
ফোন: ৫৭৫১-৬২১৫১
jmsiraj15@gmail.com

## পরিশিষ্ট (ক) সভায় উপস্থিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
০২. সিভিল সার্জন, সিরাজগঞ্জ।
০৩. চেয়ারম্যান, জেলা পরিষদ , সিরাজগঞ্জ
০৩. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ।
০৫. উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর/বেলকুচি/তাড়াশ/উল্লাপাড়া/রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
০৬. অতিরিক্ত পুলিশ সুপার শাহজাদপুর সার্কেল/ বেলকুচি সার্কেল, সিরাজগঞ্জ।
০৭. সহকারী পুলিশ সুপার, কামারখন্দ/উল্লাপাড়া সার্কেল,সিরাজগঞ্জ
০৮. অধ্যক্ষ, সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ
০৯. অধ্যক্ষ, ইসলামিয়া সরকারি কলেজ, সিরাজগঞ্জ
১০. অধ্যক্ষ, এম মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ
১১. যুগ্ম পরিচালক, এন এস আই, সিরাজগঞ্জ
১২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি সিরাজগঞ্জ।
১৩. উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর/উপপরিচালক,ইসলামিক ফাউনেডশন/উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিরাজগঞ্জ।
১৪. জেলা মৎস্য কর্মকর্তা, সিরাজগঞ্জ।
১৫. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জ।
১৬. সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন, সিরাজগঞ্জ।
১৭. এ্যাড. কে এম হোসেন আলী হাসান, সভাপতি, জেলা আওয়ামীলীগ , দত্তবাড়ী রোড, সিরাজগঞ্জ
১৮. জনাব আব্দুল হাই তালুকদার, সভাপতি, জেলা জাসদ, সিরাজগঞ্জ।
১৯. জনাব মোঃ আব্দুস ছামাদ তালুকদার, সাধারণ সম্পাদক(ভারপ্রাপ্ত), বাংলাদেশ আওয়ামীলীগ, সিরাজগঞ্জ জেলা শাখা।
২০. এ্যাডভোকেট মোঃ রজব আলী সরকার,সভাপতি আওয়ামী আইনজীবি পরিষদ ও সদস্য জেলা আওয়ামীলীগ, সিরাজগঞ্জ।
২১. জনাব এ্যাডভোকেট কায়ছার আমেদ লিটন,আইন বিষয়ক সম্পাদক, জেলা ই্োয়ামীলীগ, সিরাজগঞ্জ।
২২. এ্যাডভোকেট আনোয়ার পারভেজ লিমন বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়েক সম্পাদক, জেলা আওয়ামী লীগ, সিরাজগঞ্জ।
২৩. জনাব মোঃ সাজ্জাদ হোসেন, অফিসারইনচার্জ, জিআরপি থানা, সিরাজগঞ্জ
২৪. জনাব মোঃ নুরে আলম সিদ্দিকী, এআরসি, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সিরাজগঞ্জ
২৫. জনাবমোঃ মেহেদী হাসান, মোটরযান পরিদর্শক, বিআরটিএ, সিরাজগঞ্জ
২৬. কোর্ট ইন্সপেক্টর, সিরাজগঞ্জ
২৭. জনাব মোঃ রফিকুল ইসলাম হিরা, সদস্য, বাংলাদেশ আওয়ামীলীগ, সিরাজগঞ্জ জেলা শাখা।

## পরিশিষ্ট- খ অনুপস্থিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. কোম্পানী কমান্ডার,সিপিএসসি,র‍্যাব-১২,সিরাজগঞ্জ
০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ,রায়গঞ্জ/বেলকুচি/কাজিপুর/চৌহালী, সিরাজগঞ্জ।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ
০৪. অতিরিক্ত পুলিশ সুপার, সিরাজগঞ্জ/রায়গঞ্জ সার্কেল, সিরাজগঞ্জ।
০৫. মেয়র, সিরাজগঞ্জ/শাহজাদপুর/উল্লাপাড়া/বেলকুচি/কাজিপুর/রায়গঞ্জ পৌরসভা, সিরাজগঞ্জ।
০৬. বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, সিরাজগঞ্জ।
০৭. সভাপতি জেলা বার এ্যাসোসিয়েশন/সভাপতি প্রেস ক্লাব, সরাজগঞ্জ।
০৮. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাঃ, সিরাজগঞ্জ।
০৯. তত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট শেখ ফজিলাতুন্নেছা মুজিব জেনারেল হাসপাতাল, সিরাজগঞ্জ।
১০. অধ্যক্ষ, সরকারি রাশিদাজ্জোহা সরকারি কলেজ, সিরাজগঞ্জ
১১. অধ্যক্ষ, বঙ্গবন্ধু সরকারী কলেজ, সোনামুখী, কাজিপুর,সিরাজগঞ্জ
১২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ
১৩. তত্ত্বাবধায়ক, জেলা কারাগার, সিরাজগঞ্জ।
১৪. জেলা প্রানিসম্পদ অফিসার, সিরাজগঞ্জ
১৫. জেলা তথ্য অফিসার, সিরাজগঞ্জ
১৬. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ,সিরাজগঞ্জ
১৭. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিরাজগঞ্জ
১৮. সভাপতি.জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, সিরাজগঞ্জ
১৯. জনাব মোস্তাফিজুর রহমান, ই,বি রোড, সিরাজগঞ্জ।
২০. জনাব মোঃ আমিনুল ইসলাম চৌধুরী, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, এসএস রোড, সিরাজগঞ্জ।
২১. এ্যাডভোকেট কাজী সেলিনা পারভীন (পান্না) জুবলী রোড, সিরাজগঞ্জ।
২২. জনাব মির্জা ফারুক, সাধারণ সম্পাদক, জাতীয় পার্টি, বাহিগোলা, সিরাজগঞ্জ।
২৩. জনাব এ্যাডভোকেট হেদায়েতুল ইসলাম, সভাপতি, ন্যাপ, বিএ কলেজ রোড, সিরাজগঞ্জ।
২৪. জনাব মোঃ আব্দুল বারী শেখ,যুগ্ম-সম্পাদক(৩), বাংলাদেশ আওয়ামীলীগ, সিরাজগঞ্জ জেলা শাখা
২৫. জনাব মোস্তফা কামাল খান, সহ সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ,সিরাজগঞ্জ জেলা শাখা, সিরাজগঞ্জ।
২৬. জনাব সুকুমার চন্দ্র দাস, সভাপতি, বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঔক্য পরিষদ,সিরাজগঞ্জ , সিরাজগঞ্জ।